দৈনিক সংবাদ

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 15 OCT 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম 4

038

(৩৭)

# যশোর বোর্ডে প্রায় ৩ হাজার পরীক্ষার্থীর শাস্তি

॥ রুকুন-উদ-দৌলাহ ॥

যশোর, ১৪ই অক্টোবর।-যশোর শিক্ষা বোর্ডের আওতায় ১৯৮৮ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে অভিযুক্ত ২ হাজার ৮শ' ৩৩ জন পরীক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে শাস্তি দেয়া হয়েছে।

যশোর শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে: পরীক্ষা বিষয়ে প্রাপ্ত অভিযোগসমূহ যাচাই করে এই শাস্তি দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। শাস্তি হিসেবে কেবল মাত্র ১৯৮৮ সালের পরীক্ষা বাতিল করা হয়েছে ১ হাজার ৪শ' ৪২ জনের। এ সকল ছাত্র ছাত্রীরা আগামী বছর পরীক্ষা দিতে পারবে।

১৯৮৯ সাল পর্যন্ত ১ হাজার ৩১৩ জন পরীক্ষার্থী, '৯০ সাল পর্যন্ত ৬৮ জন পরীক্ষার্থী, '৯১ সাল পর্যন্ত ৬জন পরীক্ষার্থী এবং '৯২ সাল পর্যন্ত ৪জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারবে না। ১৬ জন অভিযুক্ত পরীক্ষার্থী সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। ২২ জনকে অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।